

# জাতীয় অগ্রাধিকার অনুযায়ী প্রকল্প সহায়তা দিন

## ■ সমকাল প্রতিবেদক

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত জাতীয় অগ্রাধিকার অনুযায়ী সহায়তা দিতে দাতাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে প্রকল্পভিত্তিক সহায়তা বাড়ানোর ওপর গুরুত্ব আরোপ করেছেন।

অর্থমন্ত্রী কোরিয়ার বুসানে অনুষ্ঠিত চতুর্থ এইড এফেক্টিভনেস শীর্ষক উচ্চ পর্যায়ের সম্মেলনে বক্তৃতায় এ আহ্বান জানান বলে অর্থ মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। অর্থমন্ত্রী বাংলাদেশের ১১ সদস্যের প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন।

প্রতিনিধি দলে পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সদস্য নাজমা আকতার এমপি, ক্যাবিনেট সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা এবং ইআরডি সচিব ইকবাল মাহমুদও রয়েছেন।

বুসানে অনুষ্ঠিত এবারের সম্মেলনে বিশ্বের ১৫০টি দেশের মন্ত্রী ও উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, উন্নয়ন সহযোগী সংস্থা, সুশীল সমাজের প্রতিনিধি এবং বিশেষজ্ঞরা যোগ দিয়েছেন। উন্নয়ন সহযোগীদের সঙ্গে সম্পর্ক আরও

নিবিড় করার মাধ্যমে উন্নয়নকে গতিশীল করার উপায় খুঁজতেই এ সম্মেলনের আয়োজন করা হয়েছে। অর্থমন্ত্রী তার বক্তৃতায় বলেন, উন্নয়ন সহযোগী সংস্থা ও অংশীদার দেশগুলোর মধ্যে একমত্য এবং প্রয়োজনের গুরুত্বের

ভিত্তিতে সম্পদ বণ্টন করা হলে সংশ্লিষ্ট দেশগুলো উপকৃত হবে। এ ছাড়া এর আগে এ ফোরামের তিনটি সম্মেলনে যেসব সিদ্ধান্ত হয়েছিল সেগুলোও বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।

তিনি বলেন, দাতা সংস্থাগুলোর প্রতিশ্রুতির ভিত্তিতে দেশগুলো তাদের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি

হাতে নেয়; কিন্তু পরে প্রতিশ্রুত অর্থ ছাড়ে নানাভাবে বিলম্ব করা হয়। এতে বিশেষ করে প্রকল্প ব্যয় বেড়ে যায়। এ কারণে সহযোগী দেশগুলোকে নানা সমস্যার সম্মুখীন হতে হয়। বুসান সম্মেলনে এশিয়া-প্যাসিফিক অঞ্চলের নিম্ন আয়ের দেশগুলোর (এলআইসি) মধ্যে বাংলাদেশসহ নেপাল, কম্বোডিয়া ও প্যাসিফিক অঞ্চলের ১৯টি দেশ সম্পদের সুষম বণ্টন এবং শর্তহীন উন্নয়ন সহায়তা পাওয়ার বিষয়ে একজোট হয়েছে বলে জানা গেছে।

## বুসান সম্মেলনে অর্থমন্ত্রী